



০৮ আগস্ট ২০২১

তারিখঃ -----

২৪ শ্রাবণ ১৪২৮

বিআরপিডি সার্কুলার নং- ১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ভূমিসি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমানতের সুদ/মুনাফা হার যৌক্তিকীকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ ০৭ ফেব্রুয়ারি ২০১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে আমানতের উপর সুদ/মুনাফা হারের নিম্নসীমিত প্রবণতা রোধের বিষয়ে সক্রিয় থাকার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।

২। সম্প্রতি ব্যাংকিং খাতে আমানতের সুদ/মুনাফা হার ক্রমাগত হ্রাস পাচ্ছে। ব্যাংক থেকে প্রাপ্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, অধিকাংশ ব্যাংক কর্তৃক মেয়াদী আমানতের উপর মূল্যস্ফীতি হারের চেয়ে কম হারে সুদ/মুনাফা প্রদান করা হচ্ছে। ক্ষুদ্র আমানতকারীসহ অন্যান্য আমানতকারীদের একটি অংশ তাদের জীবিকা নির্বাহের জন্য ব্যাংকে রক্ষিত আমানতের সুদ/মুনাফার উপর নির্ভরশীল। ব্যাংকে রক্ষিত মেয়াদী আমানতের উপর মূল্যস্ফীতি হারের চেয়ে কম হারে সুদ/মুনাফা প্রদান করায় আমানতকারীদের ক্রয়ক্ষমতা হ্রাস পাচ্ছে। ফলশ্রুতিতে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাছাড়া, মেয়াদী আমানতের উপর সুদ/মুনাফা হার অত্যধিক হ্রাস জনসাধারণের সঞ্চয় প্রবণতাকে নিরুৎসাহিত করে। ফলে আমানতকারীগণ কর্তৃক তাদের সঞ্চয়িত অর্থ ব্যাংকে জমা রাখার পরিবর্তে ঝুঁকিপূর্ণ খাতসহ বিভিন্ন অনুৎপাদনশীল খাতে বিনিয়োগের প্রবণতা বাড়াচ্ছে। উল্লেখ্য, ব্যাংক-তহবিলের প্রধান উৎস হলো বিভিন্ন ধরনের আমানতকারীদের নিকট হতে সংগৃহীত আমানত। আমানতের উপর সুদ/মুনাফা হার অতিমাত্রায় হ্রাস পেলে ভবিষ্যতে ব্যাংকের আমানতের উপর এর বিরূপ প্রভাব পড়তে পারে। ফলে, ব্যাংকের দায়-সম্পদ ব্যবস্থাপনায়ও ভারসাম্যহীনতা সৃষ্টি হতে পারে।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, আমানতকারীদের স্বার্থ সুরক্ষা এবং ব্যাংকিং খাতে দায়-সম্পদ এর ভারসাম্যহীনতা রোধকল্পে ৩ মাস ও তদূর্ধ্ব মেয়াদী আমানতের উপর সুদ/মুনাফা হার নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:

ক) ব্যক্তি পর্যায়ের মেয়াদী আমানত এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড, অবসরোত্তর পাওনাসহ বিবিধ পাওনা পরিশোধের লক্ষ্যে গঠিত তহবিল বাবদ রক্ষিত যে কোন পরিমাণ মেয়াদী আমানতের উপর সুদ/মুনাফা হার মূল্যস্ফীতি হার অপেক্ষা কোনক্রমেই কম নির্ধারণ করা যাবে না;

খ) অনুচ্ছেদ নং-৩(ক) এ বর্ণিত আমানতের উপর কোন নির্দিষ্ট মাসে সুদ/মুনাফা হার নির্ধারণের ক্ষেত্রে ঐ মাসের অব্যবহিত ৩(তিন) মাস পূর্বের মূল্যস্ফীতি হারকে (বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত ১২ মাস ভিত্তিক গড়) বিবেচনায় নিতে হবে; এবং

গ) ঋণ/বিনিয়োগের উপর সুদ/মুনাফা হার বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর নির্দেশনা অনুযায়ী সর্বোচ্চ ৯% অপরিবর্তিত থাকবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২